## দপ্তর/সংস্থাসমুহের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৪-২৫ অনুযায়ী

## বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ২য় ত্রৈমাসিকের অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | ১ম ত্রৈমাসিকে অর্জন | ২য় ত্রৈমাসিকে অর্জন | মন্তব্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | | ১৩ |
| প্রাতিষ্ঠানিক | ১৫ | [১.১] নির্দিষ্ট সময়ে জিআরএস সিস্টেম অফলাইন ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ও আপিল নিষ্পত্তি | [১.১.১] অভিযোগ ও আপিল নিষ্পত্তিকৃত | % | ১২ | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | - | ০% | ৫০% | - |
| | | [১.১.১] যদি কোন দপ্তর/সংস্থায় ১ম ত্রৈমাসিকে জিআরএস সিস্টেমে বা অন্য কোন মাধ্যমে অভিযোগ পাওয়া না যায়, সে সকল দপ্তর/সংস্থা কর্তৃক ২য় ত্রৈমাসিকে স্টেকহোল্ডাদের সমন্বয়ে সভা আয়োজন। | [১.১.১.১] স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজিত | সংখ্যা | | ১টি | - | - | - | - | - | ২টি অভিযোগ পাওয়া গেছে ১টি নিস্পত্তি হয়েছে | |
| | | [১.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.২.১] মাসিক প্রতিবেদন প্রেরণ | সংখ্যা | ৩ | ৪টি | ৩টি | ২টি | ১টি | | ১০০% | ১০০% | - |
| সক্ষমতা অর্জন | ১০ | [২.১] নিজ অফিস ও আওতাধীন অফিসের কর্মকর্তা/কর্মচারীদের জন্য অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়ার/ কর্মশালা/সেমিনার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন **(শুধু ১ম অর্ধবার্ষিকতে একটি)** | [২.১.১] প্রশিক্ষণ/কর্মশালা/ সেমিনার আয়োজিত | সংখ্যা | ৫ | ১টি | - | - | - | - | - | ১০০% | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডার গণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন **(যে কোন ত্রৈমাসিকে আয়োজন করা যাবে)** | [২.২.১] সভা আয়োজিত | সংখ্যা | ৫ | ১টি | - | - | - | - | - | - | নির্ধারিত সময়ের মধ্যে ১টি স্টেকহোল্ডার সভার আয়োজন করা হবে। |

০১/০১/২০২৫
রীনা খানম
সহকারী পরিচালক (প্রশাসন) (অ: দা:)
প্রশাসন শাখা
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

০১/০১/২৫
(মোহাম্মদ এমদাদুল বারী)
পরিচালক (প্রশাসন) (অ: দা:)
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
প্রশাসন শাখা

তারিখ: ২১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৪.০৬.০০০০.০০৭.০৫.০০১.২৪.৮০৭

বিষয়: **নির্দিষ্ট সময়ে জিআরএস সিস্টেমে অফলাইন ও অন্যান্য প্রাপ্ত অভিযোগ ও আপিল নিষ্পত্তি (১.১.১) সংক্রান্ত অক্টোবর /২৪ মাসের প্রতিবেদন প্রেরণ**

সূত্র: অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কমপরিকল্পনা ২০২৪-২৫ এর কর্মসম্পাদন সূচক (১.১)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অভিযোগ প্রতিকার ব্যবস্হা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর "কর্মসম্পাদন সূচক ১.১ অভিযোগ ও আপিল নিষ্পত্তিকৃত" অক্টোবর/২৪ মাসের জিআরএস সিস্টেমে অফলাইন ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ও আপিল নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

**অভিযোগ**

| অক্টোবর/২৪ মাসে প্রাপ্ত অভিযোগ এর সংখ্যা | | বিগত মাসের জের | মোট (১+২+৩) | অক্টোবর মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ এর সংখ্যা | অনিষ্পত্তিকৃত অভিযোগ এর সংখ্যা | অভিযোগ নিষ্পত্তির হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| অনলাইনে | অফলাইনে (পত্র/দরখাস্তযোগে) | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | -- |

**আপিল**

| অক্টোবর /২৪ মাসে প্রাপ্ত আপিলের সংখ্যা | | বিগত মাসের জের | মোট (১+২+৩) | অক্টোবর মাসে নিষ্পত্তিকৃত আপিলের সংখ্যা | অনিষ্পত্তিকৃত আপিলের সংখ্যা | অভিযোগ ও আপিল নিষ্পত্তির হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| অনলাইনে | অফলাইনে (পত্র/দরখাস্তযোগে) | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | -- |


০৬-১১-২০২৪
মোঃ আনওয়ার হোসেন
মহাপরিচালক
০২৫৮৮৮-৫৫৮১৬ (ফোন)
০২৫৮৮৮-৫৩৫৯২ (ফ্যাক্স)
bsb.raj.bd@gmail.com


সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

**দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত সচিব (বেওবি), বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বার্ড
প্রশাসন শাখা

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৪.০৬.০০০০.০০৭.০৫.০০১.২৪.৮৪০

বিষয়: **নির্দিষ্ট সময়ে জিআরএস সিস্টেমে অফলাইন ও অন্যান্য প্রাপ্ত অভিযোগ ও আপিল নিষ্পত্তি (১.১.১) সংক্রান্ত নভেম্বর /২৪ মাসের প্রতিবেদন প্রেরণ**

সূত্র: অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কমপরিকল্পনা ২০২৪-২৫ এর কর্মসম্পাদন সূচক (১.১)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অভিযোগ প্রতিকার ব্যবস্হা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর "কর্মসম্পাদন সূচক ১.১ অভিযোগ ও আপিল নিষ্পত্তিকৃত" নভেম্বর/২৪ মাসের জিআরএস সিস্টেমে অফলাইন ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ও আপিল নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

**অভিযোগ**

| নভেম্বর/২৪ মাসে প্রাপ্ত অভিযোগ এর সংখ্যা | | বিগত মাসের জের | মোট (১+২+৩) | নভেম্বর/২৪ মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ এর সংখ্যা | অনিষ্পত্তিকৃত অভিযোগ এর সংখ্যা | অভিযোগ নিষ্পত্তির হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| অনলাইনে | অফলাইনে (পত্র/দরখাস্তযোগে) | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | ০০ | ০১ | ০২ | ০০ | ০২ | ০০ | -- |

**আপিল**

| নভেম্বর /২৪ মাসে প্রাপ্ত আপিলের সংখ্যা | | বিগত মাসের জের | মোট (১+২+৩) | নভেম্বর মাসে নিষ্পত্তিকৃত আপিলের সংখ্যা | অনিষ্পত্তিকৃত আপিলের সংখ্যা | অভিযোগ ও আপিল নিষ্পত্তির হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| অনলাইনে | অফলাইনে (পত্র/দরখাস্তযোগে) | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | -- |

**সকল সংযুক্তিসমূহ:**

(১) জিআরএস ও কালো তালিকাভূক্তকরণ
(২) গোষ্ঠী বীমা সংক্রান্ত কামরুজ্জামান এর অভিযোগ

০২-১২-২০২৪
মোঃ আনওয়ার হোসেন
মহাপরিচালক
০২৫৮৮৮-৫৫৮১৬ (ফোন)
০২৫৮৮৮-৫৩৫৯২ (ফ্যাক্স)
bsb.raj.bd@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
প্রশাসন শাখা

তারিখ: ১৪ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৪.০৬.০০০০.০০৭.০৫.০০১.২৪.৮৫৯

বিষয়: **নির্দিষ্ট সময়ে জিআরএস সিস্টেমে অফলাইন ও অন্যান্য প্রাপ্ত অভিযোগ ও আপিল নিষ্পত্তি (১.১.১) সংক্রান্ত ডিসেম্বর /২৪ মাসের প্রতিবেদন প্রেরণ**

সূত্র: অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কমপরিকল্পনা ২০২৪-২৫ এর কর্মসম্পাদন সূচক (১.১)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অভিযোগ প্রতিকার ব্যবস্হা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর "কর্মসম্পাদন সূচক ১.১ অভিযোগ ও আপিল নিষ্পত্তিকৃত" ডিসেম্বর/২৪ মাসের জিআরএস সিস্টেমে অফলাইন ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ও আপিল নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

**অভিযোগ**

| ডিসেম্বর/২৪ মাসে প্রাপ্ত অভিযোগ এর সংখ্যা | | বিগত মাসের জের | মোট (১+২+৩) | ডিসেম্বর/২৪ মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ এর সংখ্যা | অনিষ্পত্তিকৃত অভিযোগ এর সংখ্যা | অভিযোগ নিষ্পত্তির হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| অনলাইনে | অফলাইনে (পত্র/দরখাস্তযোগে) | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০০ | ০০ | ০২ | ০২ | ০১ | ০১ | ৫০% | -- |

**আপিল**

| ডিসেম্বর /২৪ মাসে প্রাপ্ত আপিলের সংখ্যা | | বিগত মাসের জের | মোট (১+২+৩) | ডিসেম্বর মাসে নিষ্পত্তিকৃত আপিলের সংখ্যা | অনিষ্পত্তিকৃত আপিলের সংখ্যা | অভিযোগ ও আপিল নিষ্পত্তির হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| অনলাইনে | অফলাইনে (পত্র/দরখাস্তযোগে) | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | -- |

**সকল সংযুক্তিসমূহ:**
(১) জিআরএস ও কালো তালিকাভূক্তকরণ
(২) গোষ্ঠী বীমা সংক্রান্ত কামরুজ্জামান এর অভিযোগ

২৯-১২-২০২৪
মোঃ আনওয়ার হোসেন
মহাপরিচালক
০২৫৮৮৮-৫৫৮১৬ (ফোন)
০২৫৮৮৮-৫৩৫৯২ (ফ্যাক্স)
bsb.raj.bd@gmail.com

বরাবর
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

সহকারী পরিচালক (নিয়োগ)
সহকারী পরিচালক (প্রশাসন/কমন সার্ভিস)
সহকারী পরিচালক (প্রোগ্রামার)
প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন/কমন সার্ভিস)
ব্যক্তিগত সহকারী
নথিতে উপস্থাপন/সংরক্ষণ/নথিজাতকরণ

**বিষয়ঃ** **অবৈধভাবে বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের রাজস্ব খাতভুক্ত ৩ (তিন)টি পদে নিয়োগ প্রদান সংক্রান্ত অভিযোগ।**

পরিচালক (প্রশাসন)

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, এনাম কমিটি কর্তৃক ০৬/১২/১৯৮৩ তারিখে বিএসআরটিআই অংশের জন্য ১১৬টি রাজস্ব খাতভুক্ত পদ অনুমোদিত হয় **(সংযুক্তি-১)**। অতঃপর বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের স্মারক নং- বম/পকো/বারেবো/সম্প্রঃ রাঃ-৪৩/৯৬/৩৬৪, তারিখঃ ২০/০৮/২০০০ ইং মোতাবেক সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে বাংলাদেশ রেশম বোর্ডের "রেশম শিল্পের সম্প্রসারণ, রেশম বীজ গুটি উৎপাদন কেন্দ্র স্থাপন ও জাতীয় রেশম গবেষণা উন্নয়ন" শীর্ষক সমাপ্ত প্রকল্পের বিএসআরটিআই অংশের ১০ (দশ)টি পদ অস্থায়ী রাজস্ব খাতে সৃষ্টিতে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করা হয় **(সংযুক্তি-২)**। অর্থাৎ বাংলাদেশ রেশম বোর্ডের অধীনে থাকাকালীন উক্ত সময়ে বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের অনুমোদিত মোট ১২৬টি পদ ছিলো।

পরবর্তীতে ২০০৩ সনের ২৪ নং আইন বলে বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট'কে বাংলাদেশ রেশম বোর্ড হতে পৃথক করে ২০০৩ সনের ২৫ নং আইন বলে বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটকে একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান হিসাবে প্রতিষ্ঠা করা হয় **(সংযুক্তি-৩)**। বিএসআরটিআই একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান হিসাবে প্রতিষ্ঠা হওয়ার পর ২০০৮ সনে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের স্মারক নং- বপাম/সপ্রব-২/বিএসআরটিআই/সাঃকাঃ/০৪(অংশ-১)/০৬/৮৫৯, তারিখঃ ০৬/০৮/২০০৮ইং মোতাবেক ১৭ ক্যাটাগরীর ৩৪টি পদ বিলুপ্ত করে **(সংযুক্তি-৪)** স্মারক নং- বপাম/সপ্রব-২/বিএসআরটিআই/সাঃকাঃ/০৪(অংশ-১)/০৬/৮৬০, তারিখঃ ০৬/০৮/২০০৮ইং মোতাবেক ১৪ ক্যাটাগরীর ৩৩টি পদ সৃজন করা হয় **(সংযুক্তি-৫)**।

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের অনুমোদিত রাজস্ব খাতভুক্ত ১২৫টি পদের মধ্যে "বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটকে শক্তিশালী করার মাধ্যমে রেশম শিল্পর যথাযথ প্রযুক্তি প্রবর্তন ও প্রচার শীর্ষক সমাপ্ত প্রকল্প" এর কোন পদই অন্তর্ভূক্ত করা হয়নি বা ছিলোনা। তথাপি জনপ্রশাসন মন্ত্রণালয় (সংস্থাপন মন্ত্রণালয়) কর্তৃক প্রকাশিত প্রজ্ঞাপন "সমাপ্ত উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটের পদে নিয়োগের ক্ষেত্রে বয়স শিথিলকরণ বিধিমালা, ২০০৫" অপব্যাখ্যা করে বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত পরিচালক বিধি-বহির্ভূতভাবে উক্ত প্রতিষ্ঠানের দু'টি অতীব গুরুত্বপূর্ণ পদ যথাক্রমে, ক) হিসাব রক্ষণ কর্মকর্তা পদে জনাব মোঃ আবু তালেব, পিতা- মরহুম মহিউদ্দিন মোল্লা, মাতা- মরহুমা মনোয়ারা বেগম, মহল্লা- গৌরহাঙ্গা, ডাকঘর- ঘোড়ামারা, থানা- বোয়ালিয়া, জেলা- রাজশাহী'কে গত ১৩/০৪/২০০৮ইং তারিখে নিয়োগ প্রদান করেন **(সংযুক্তি-৬)**; প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন দাখিলের শেষ তারিখ ছিলো ২৬/০২/২০০৬ এবং ২৬/০২/২০০৬ তারেখে তাঁর বয়স ছিলো ৩২ বছর ৫ মাস ১৩দিন **(সংযুক্তি-৭)**; খ) সহকারী পরিচালক (প্রশাসন) পদে জনাব মোঃ ফরহাদ হোসেন, পিতা- মরহুম আবু হোসেন সরকার, মাতা- মিসেস শামসুন্নাহার সরকার, গ্রাম- রিফাইতপুর, ডাকঘর- বাদিয়াখালি, উপজেলা- গাইবান্ধা, জেলা- গাইবান্ধা'কে গত ২০/০৬/২০১৩ তারিখে নিয়োগ প্রদান করেন **(সংযুক্তি-৮)**, প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন দাখিলের শেষ তারিখ ছিলো ৩১/০৭/২০১২ এবং ৩১/০৭/২০১২ তারিখে তাঁর বয়স ছিলো ৪০ বছর ৭ মাস **(সংযুক্তি-৯)**।

উল্লখ্য, জনপ্রশাসন মন্ত্রণালয় (সংস্থাপন মন্ত্রণালয়) কর্তৃক প্রকাশিত প্রজ্ঞাপন "সমাপ্ত উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটের পদে নিয়োগের ক্ষেত্রে বয়স শিথিলকরণ বিধিমালা, ২০০৫" **(সংযুক্তি-১০)**-এর ক্রমিক ২ এর (চ)-তে স্পষ্টভাবে উল্লখ রয়েছে যে, "রাজস্ব বাজেটের পদ" অর্থ উন্নয়ন প্রকল্পের পদ যাহা রাজস্ব বাজেটে নতুনভাবে সৃজিত হইয়াছে। বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটকে শক্তিশালী করার মাধ্যমে রেশম শিল্পর যথাযথ প্রযুক্তি প্রবর্তন ও প্রচার শীর্ষক সমাপ্ত প্রকল্পের ২২(বাইশ)টি পদ বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর রাজস্ব খাতে নতুনভাবে সৃজন করা হয়নি **(সংযুক্তি-১১)**। বিএসআরটিআই-এর তৎকালীন ভারপ্রাপ্ত পরিচালক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটের পদে নিয়োগের ক্ষেত্রে বয়স শিথিলকরণ বিধিমালা, ২০০৫" অপব্যাখ্যা করে বিধি-বহির্ভূতভাবে হিসাব রক্ষণ কর্মকর্তা পদে জনাব মোঃ আবু তালেব ও সহকারী পরিচালক (প্রশাসন) পদে জনাব মোঃ ফরহাদ হোসেন'কে নিয়োগ প্রদান করেন। এছাড়া বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের রাজস্ব খাতভুক্ত লাইব্রেরিয়ান পদে জনাব মোঃ মাসুদ ইকবাল'কে বিধি-বহির্ভূতভাবে নিয়োগ প্রদান করা হয়েছে। বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের নিয়োগ কাম-পদোন্নতি কমিটি কর্তৃক মোছাঃ রুকসানা আফরোজ'কে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রদানের সুপারিশ করা হয় এবং নিয়োগ কাম-পদোন্নতি কমিটির সুপারিশ মোতাবেক মোছাঃ রুকসানা আফরোজ'কে নিয়োগ প্রদান করা হয় **(সংযুক্তি-১২)**। পরবর্তীতে ভারপ্রাপ্ত পরিচালক জনাব মোঃ আব্দুল হামিদ মিয়া মোসাঃ রুকসানা এর নিয়োগ আদেশ বাতিল করতঃ **(সংযুক্তি-১৩)** নিয়োগ কাম-পদোন্নতি কমিটির সুপারিশ ব্যাতিরেকে বিধি-বহির্ভূতভাবে জনাব মোঃ মাসুদ ইকবাল'কে লাইব্রেরিয়ান পদে নিয়োগ প্রদান করা হয় **(সংযুক্তি-১৪)**।

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের চাকুরি প্রবিধানমালা গত ১০/১১/২০২৪ তারিখে বাংলাদেশ গভমেন্ট প্রেস কর্তৃক প্রকাশিত হয়েছে। আশা করা যাচ্ছে আগামী ৩/৪ মাসের মধ্যে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের অধীন সকল কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীর পদোন্নতি প্রদান করা হবে। বিধায়, জনাব মোঃ আবু তালেব, হিসাব রক্ষণ কর্মকর্তা; জনাব মোঃ ফরহাদ হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন) এবং জনাব মোঃ মাসুদ ইকবাল, লাইব্রেরিয়ান-কে বিধি-বহির্ভূতভাবে নিয়োগ প্রদান করায় তাদেরকে উচ্চতর পদে পদোন্নতি প্রদান না করার জন্য বিনীতভাবে অনুরোধ করছি একইসাথে তাঁদের বিরুদ্ধে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের সমীপে আকুল আবেদন জানাচ্ছি।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ১৯ (উনিশ) পাতা।

আপনার একান্ত অনুগত,

২৪/১২/২০২৪

মোঃ আশরাফুল ইসলাম

নথি অফিসঃ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
নথি শাখাঃ প্রশাসন শাখা
মুদ্রনকারীঃ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, প্রশাসন শাখা

নথি নম্বর: **২৪.০৬.০০০০.০০৭.০৫.০০১.২৪** নথির বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) কর্মপরিকল্পনা ২০২৪-২৫ বাস্তবায়ন নথি
নোট: ১০ নোটের বিষয়: **রাজস্ব খাতভূক্ত পদে অবৈধভাবে নিয়োগ প্রদান সংক্রান্ত অভিযোগ**

**অনুচ্ছেদ ১০.০ - তারিখঃ ৪/১২/২৪ ১১:০২ পূর্বাহ্ন**

বিবেচ্য পতাকা: পতাকা-ক সদয় দ্রষ্টব্য উপর্যুক্ত বিষয়ে বোর্ডের জনসংযোগ শাখায় কর্মরত ফটোগ্রাফার, মো: আশরাফুল ইসলাম , জিআরএস সিস্টেমে অন লাইনে একটি অভিযোগ পত্র দাখিল করেছেন। উক্ত অভিযোগ পত্রে তিনি নিম্নবর্ণিত অভিযোগ করেছেন:

জনপ্রশাসন মন্ত্রণালয় (সংস্থাপন মন্ত্রণালয়) কর্তৃক প্রকাশিত প্রজ্ঞাপন "সমাপ্ত উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটের পদে নিয়োগের ক্ষেত্রে বয়স শিথিলকরণ বিধিমালা, ২০০৫" অপব্যাখ্যা করে বিধি-বহির্ভূতভাবে রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের দুটি অতীব গুরুত্বপূর্ণ পদে যথাক্রমে,

১) হিসাব রক্ষণ কর্মকর্তা পদে জনাব মোঃ আবু তালেবকে গত ১৩/০৪/২০০৮ইং তারিখে নিয়োগ প্রদান করা হয় । নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত আবেদন দাখিলের শেষ তারিখে ২৬/০২/২০০৬ তারিখে তাঁর বয়স: ৩২ বছর ৫ মাস ১৩দিন ছিলো।

২) সহকারী পরিচালক (প্রশাসন) পদে জনাব মোঃ ফরহাদ হোসেনকে গত ২০/০৬/২০১৩ তারিখে নিয়োগ প্রদান করা হয়। নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের ৩১/০৭/২০১২ তারিখে তাঁর বয়স: ৪০ বছর ৭ মাস ছিলো।

তিনি উল্লেখ করেছেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয় (সংস্থাপন মন্ত্রণালয়) কর্তৃক প্রকাশিত প্রজ্ঞাপন "সমাপ্ত উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটের পদে নিয়োগের ক্ষেত্রে বয়স শিথিলকরণ বিধিমালা, ২০০৫" (সংযুক্তি-৫)-এর ক্রমিক ২ এর (চ)-তে স্পষ্টভাবে উল্লখ রয়েছে যে, "রাজস্ব বাজেটের পদ" অর্থ উন্নয়ন প্রকল্পের পদ যাহা রাজস্ব বাজেটে নতুনভাবে সৃজিত হয়েছে। বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর রাজস্ব খাতভূক্ত হিসাব রক্ষণ কর্মকর্তা ও সহকারী পরিচালক (প্রশাসন) পদ দুটি "বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটকে শক্তিশালী করার মাধ্যমে রেশম শিল্পর যথাযথ প্রযুক্তি প্রবর্তন ও প্রচার শীর্ষক সমাপ্ত প্রকল্প" এর পদ ছিলোনা ।

এছাড়া, রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের রাজস্ব খাতভূক্ত লাইব্রেরিয়ান পদে জনাব মোঃ মাসুদ ইকবাল'কে বিধি-বহির্ভূতভাবে নিয়োগ করা হয়েছে। বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের নিয়োগ কাম-পদোন্নতি কমিটি কর্তৃক মোছাঃ রুকসানা আফরোজ'কে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রদানের সুপারিশ করায় তাকে নিয়োগ প্রদান করা হয় । কিন্তু জনাব মোঃ আব্দুল হামিদ মিয়া, ভারপ্রাপ্ত পরিচালক মোসাঃ রুকসানা এর নিয়োগ আদেশ বাতিল করতঃ নিয়োগ কাম-পদোন্নতি কমিটির সুপারিশ ব্যাতিরেকে বিধি-বহির্ভূতভাবে জনাব মোঃ মাসুদ ইকবাল'কে লাইব্রেরিয়ান পদে নিয়োগ প্রদান করা হয় । তিনি বর্নিত ৩ জন কর্মকর্তাকে উচ্চতর পদে পদোন্নতি প্রদান না করার জন্য বিনীতভাবে অনুরোধ করেছেন।

এ বিষয় পরবর্তী নির্দেশনার জন্য নথি নির্দেশনা মোতাবেক উপস্থাপন করা হলো।

| | | |
|---|---|---|
| ৪/১২/২৪ ৩:০৭ অপরাহ্ন<br>রীনা খানম<br>প্রশাসনিক কর্মকর্তা (চলতি দায়িত্ব)<br>প্রশাসন শাখা | ৪/১২/২৪ ৩:১২ অপরাহ্ন<br>রীনা খানম<br>সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)<br>প্রশাসন শাখা | ~~৪/১২/২৪ ৩:১২ অপরাহ্ন~~<br>~~মোহাম্মদ এমদাদুল বারী~~<br>~~পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)~~<br>~~প্রশাসন বিভাগ~~ |

**অনুচ্ছেদ ১০.১ - তারিখঃ ৮/১২/২৪ ৬:৫১ পূর্বাহ্ন**

অভিযোগটি অত্র দপ্তরের সিটিচেন চার্টার এ বর্ণিত সেবার অন্তর্ভূক্ত সেবা সংশ্লিষ্ট নয় বিধায় জিআরএস এর আওতায় নিষ্পত্তিযোগ্য নয়। এমতাবস্থায় অভিযোগকারীকে কারণ অবহিত করে নথিজাত করা যেতে পারে। সদয় সিদ্ধান্তের জন্য পেশ করা হলো।

৮/১২/২৪ ৬:৫১ পূর্বাহ্ন
মোহাম্মদ এমদাদুল বারী
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
প্রশাসন বিভাগ

~~৮/১২/২৪ ৬:৫১ পূর্বাহ্ন~~
~~মোঃ আনওয়ার হোসেন~~
~~মহাপরিচালক~~
~~মহাপরিচালকের দপ্তর~~

---

**অনুচ্ছেদ ১০.২ - তারিখঃ ১১/১২/২৪ ১২:১৮ অপরাহ্ন**

অনুচ্ছেদ ১০.১ এর প্রস্তাব মতে ব্যবস্থা নিন।

১১/১২/২৪ ১২:১৮ অপরাহ্ন
মোঃ আনওয়ার হোসেন
মহাপরিচালক
মহাপরিচালকের দপ্তর

১২/১২/২৪ ৫:০৫ অপরাহ্ন
মোহাম্মদ এমদাদুল বারী
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
প্রশাসন বিভাগ

~~১২/১২/২৪ ৫:০৫ অপরাহ্ন~~
~~রীনা খানম~~
~~সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)~~
~~প্রশাসন শাখা~~

---

**অনুচ্ছেদ ১০.৩ - তারিখঃ ১৫/১২/২৪ ১২:২৩ অপরাহ্ন**

অভিযোগটি অত্র দপ্তরের সিটিচেন চার্টার এ বর্ণিত সেবার অন্তর্ভূক্ত সেবা সংশ্লিষ্ট নয় বিধায় জিআরএস এর আওতায় নিষ্পত্তিযোগ্য নয়। এমতাবস্থায় অভিযোগকারীকে কারণ অবহিত করার জন্য পত্র প্রস্তুত করা হলো। পরিচালক প্রশাসন মহোদয় কর্তৃক সদয় স্বাক্ষর দানের জন্য পেশ করা হলো।

১৫/১২/২৪ ১২:৩৬ অপরাহ্ন
রীনা খানম
সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
প্রশাসন শাখা

~~১৫/১২/২৪ ১২:৩৬ অপরাহ্ন~~
~~মোহাম্মদ এমদাদুল বারী~~
~~পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)~~
~~প্রশাসন বিভাগ~~

---

**অনুচ্ছেদ ১০.৪ - তারিখঃ ১৫/১২/২৪ ২:৪৯ অপরাহ্ন**

অভিযোগটি নথিভূক্ত করার মাধ্যমে জিআরএস এ নিষ্পত্তি করা হয়েছে। বিধায় অভিযোগকারীকে আলাদাভাবে পত্র দেয়ার প্রয়োজন নেই।

১৫/১২/২৪ ২:৪৯ অপরাহ্ন
মোহাম্মদ এমদাদুল বারী
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
প্রশাসন বিভাগ

১৫/১২/২৪ ৩:২৩ অপরাহ্ন
রীনা খানম
সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
প্রশাসন শাখা